# মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ৮৯৬

মুসনাদে আলী ইবনে আবি তালিব (রাঃ) [আলীর বর্ণিত হাদীস] (مسند علي بن أبي طالب)

আরবী

حَدَّثَنَا أَبُو الْمُغِيرَةِ، حَدَّثَنَا صَفْوَانُ، حَدَّثَنِي شُرَيْحٌ يَعْنِي ابْنَ عُبَيْدٍ، قَالَ: ذُكِرَ أَهْلُ الشَّامِ عِنْدَ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ، وَهُوَ بِالْعِرَاقِ، فَقَالُوا: الْعَنْهُمْ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ. قَالَ: لَا، إِنِّي سَمِعْتُ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: الْأَبْدَالُ يَكُونُونَ بِالشَّامِ، وَهُمْ أَرْبَعُونَ رَجُلًا، كُلَّمَا مَاتَ رَجُلٌ أَبْدَلَ اللهُ مَكَانَهُ رَجُلًا، يُسْقَى بِهِمُ الْغَيْثُ، وَيُنْتَصَرُ بِهِمْ عَلَى الْأَعْدَاءِ، وَيُصْرَفُ عَنْ أَهْلِ الشَّامِ بِهِمِ الْعَذَابُ

إسناده ضعيف لانقطاعه، شريح بن عبيد لم يُدرك علياً، وصفوان بن عمرو السكسكي- وإن كان ثقةً من رجال مسلم- ذكر له النسائي حديثاً منكراً في عمار بن ياسر، وحديثُ الباب باطل عن رسول الله صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، انظر "المنار المنيف" ص 136 للشيخ ابن قيم الجوزية. أبوَ المغيرة: هو عبد القدوس بن حجاج الخولاني
قلنا: وأحاديثُ الأبدال التي رويت عن غير واحدٍ من الصحابة، أسانيدُها كُلها ضعيفة لا يَنْتَهِضُ بها الاستدلالُ في مثل هذا المطلب

বাংলা

৮৯৬। আলী (রাঃ) এর সামনে সিরিয়াবাসীর প্রসঙ্গ আলোচিত হলো, (যেখানে মুয়াবিয়া (রাঃ) এর নেতৃত্বে বিদ্রোহীদের ঘাঁটি ছিল। যারা আলী (রাঃ) এর খিলাফাত মানতো না) উপস্থিত লোকেরা বললো, হে আমীরুল মুমিনীন, তাদের ওপর অভিশাপ দিন। আলী (রাঃ) বললেন, না। আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, সিরিয়ায় আবদাল থাকে। তারা চল্লিশ জন। তাদের কেউ যখনই মারা যায় আমনি আল্লাহ তার

পরিবর্তে আরেকজনকে পাঠান। তাদের উসিলায় বৃষ্টি বর্ষিত হয়, শত্রুরা পরাভূত হয় এবং সিরিয়াবাসীর ওপর থেকে আযাব হটানো হয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষণ বাকি

---

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=64182

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন